দৈনিক বাংলা

05

তারিখ ... 24 AUG 1996
পৃষ্ঠা 7 কলাম 2

# ভার্সিটি হলগুলি দখলমুক্ত করতে হবে ঃ ছাত্র ঐক্য

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** গণতান্ত্রিক ছাত্র ঐক্যের কেন্দ্রীয় নেতৃবৃন্দ শুক্রবার এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেছেন ক্যাম্পাস পরিস্থিতির অবনতি, সন্ত্রাস এবং হল দখলের এই রাজনীতির জন্য সরকারই দায়ী।

মধুর ক্যান্টিনে অনুষ্ঠিত এ সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্র ঐক্যের শরীক সংগঠন জাসদ (ইনু) ছাত্রলীগের সাধারণ সম্পা-

(৪-এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **ভার্সিটি হলগুলি**

দক ওবায়দুর রহমান চুন্নু। লিখিত বক্তব্যে বলা হয়, দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যৎ নিয়ে সমগ্র জাতির সাথে আমরাও উদ্বিগ্ন, শংকিত।

লিখিত বক্তব্যে বলা হয়, "আশির দশকের মাঝামাঝিতে তৎকালীন অবৈধ ক্ষমতা দখলকারী এরশাদ সরকারের দুঃশাসনামলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে চর দখলের মত হল দখলের রাজনীতি শুরু হয়। তৎকালীন ছাত্রদলের নীরু-অভিচক্র ঢাকা বিশ্ববিদ্যালয়ে হল দখলের রাজনীতি কায়েম করে। '৯০-এর গণআন্দোলনের সময় তারা ক্যাম্পাস থেকে উচ্ছেদ হয়। '৯১-এর নির্বাচনে বিএনপি সরকারের আমলে ছাত্রদল হলের দখল বজায় রাখে। এর প্রতিক্রিয়ায় ছাত্রলীগ (শো-পা) কোন রাজনৈতিক কর্মসূচী না নিয়ে একই স্টাইলেই হল দখলের চেষ্টা নেয়।" নেতৃবৃন্দ বলেন, '৯৬-এর রাজনৈতিক পরিবর্তনের পর আমরা আশা করেছিলাম নতুন সরকারের অঙ্গীকার অনুযায়ী বিশ্ববিদ্যালয়কে সন্ত্রাসমুক্ত করার জন্য সরকার বাস্তবসম্মত আইনানুগ পদক্ষেপ গ্রহণ করবে। কিন্তু আমরা লক্ষ্য করছি ক্ষমতাসীন দলের ছাত্র সংগঠনের দুটি পক্ষ একের পর এক ফজলুল হক, এফ. রহমান ও শহীদুল্লাহ হল দখল করে নেয়। বুধবার দখল করে মহসীন হল।

ছাত্র ঐক্য নেতৃবৃন্দ বলেন, আমরা ভেবেছিলাম এ ঘটনা প্রধানমন্ত্রী ঘোষিত সন্ত্রাসবিরোধী নীতির অন্তর্ঘাত। কারণ এ ঘটনা ঘটে যাওয়ার পর প্রধানমন্ত্রী সন্ত্রাসীদের গ্রেফতার করার নির্দেশ দেন। কিন্তু তার নির্দেশ অনুযায়ী স্বরাষ্ট্রমন্ত্রণালয় ও পুলিশ বিভাগ কোন পদক্ষেপ গ্রহণ করেনি। বরং বর্তমান সরকার সাবেক সরকারগুলোর মত নিজ দলীয় সন্ত্রাসীদের পৃষ্ঠপোষকতার নীতি গ্রহণ করছেন।

সাংবাদিক সম্মেলনে তারা বলেন, ছাত্র ঐক্য হল দখলের রাজনীতির বিপক্ষে। তারা দাবী করেন বিভিন্ন হল দখলকারী বহিরাগত অস্ত্রধারী সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেফতার ও হলগুলি দখলমুক্ত করতে হবে। তারা হলগুলোর বেদখলকৃত সীটসমূহ বৈধ ছাত্রের হাতে ফিরিয়ে দেয়ারও দাবী জানান। তারা বলেন, অন্যথায় ছাত্রসমাজ সন্ত্রাসের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলবে।

সাংবাদিক সম্মেলনে ছাত্র ঐক্য নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন জিয়াউল হক জিয়া, আসলাম খান, মাহাবুবুল হক রিপন, ইমাম গাজ্জাল, মোহাম্মদ শহীদুল্লাহ, হাসান হাফিজুর রহমান সোহেল, সাইফুর রহমান তপন, দিপংকর সাহা দিপু প্রমুখ।